যুগান্তর

তারিখ : 18 NOV 2017
পৃষ্ঠা : ৭ কলাম : ৬-৩

ইলেকট্রনিক ডিভাইস উদ্ধার

# বঙ্গবন্ধু প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৭ ভর্তি পরীক্ষার্থীর কারাদণ্ড

গোপালগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষায় ৭ শিক্ষার্থীকে ২০ দিন করে কারাদণ্ড দেয়া হয়েছে। ইলেকট্রনিক ডিভাইসসহ পরীক্ষা দেয়ায় তাদেরকে ভ্রাম্যমাণ আদালত এ কারাদণ্ড দেন। শুক্রবার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। দণ্ডাদেশপ্রাপ্তরা হলেন— বরিশালের উজিরপুর উপজেলার আবদুল কুদ্দুসের ছেলে তানভীর, যশোরের বাঘারপাড়ার শামসুল হকের ছেলে জয় ইনামুল ও শান্তর ছেলে সৌরভ, মাদারীপুরের রাজৈর উপজেলার শহিদুল হক মাতুব্বরের ছেলে পলাশ মাতুব্বর, ময়মনসিংহের গফরগাঁওয়ের শাহজাহানের ছেলে ইকবাল, ঢাকার কেরানীগঞ্জের আবদুল মালেকের ছেলে মো. কাওসার ও কুড়িগ্রামের কাঠালবাড়ীর আয়ুব আলীর ছেলে উৎস। পরীক্ষার হলে তাদের দেহ তল্লাশি করে ইলেকট্রনিক ডিভাইস পাওয়া যায়। পরে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আবদুল্লাহ আল মামুন তাদের প্রত্যেককে ২০ দিনের কারাদণ্ডাদেশ দেন। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. খোন্দকার নাসিরউদ্দিন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ গোপালগঞ্জ শহরের ৫টি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।